

## বায়ুচলাচল ও এয়ার কন্ডিশনিং

আপনার ঝুঁকি মূল্যায়নের অঙ্গ হিসেবে আইনত: সকল কর্মচারীর এটা নিশ্চিত করার প্রয়োজন যাতে আপনার ব্যবসার যাবতীয় ঘেরা জায়গায় যথেষ্ট তাজা বাতাস চলাচল বজায় থাকে। আপনি পুনরায় খোলার সময় তাজা বাতাস অন্তর্ভুক্ত করলে (হাতের, মুখের ও জায়গার মত অন্যান্য প্রশমনের সঙ্গে) তা সংক্রমণের ঝুঁকি কমায় এবং আপনার কর্মস্থলকে/ব্যবসাকে কোভিড-নিরাপদ করতে সাহায্য করে।

### অত্যাবশ্যক যাচাইতালিকা

- ✓ **তাজা বাতাস/বায়ুচলাচল কেন এতটা গুরুত্বপূর্ণ সেটা বুঝে নিন।** ভবনের ভিতরে তাজা বাতাস ঢুকতে দিলে তা ভাইরাস কণা থাকা বাতাস সরাতে ও এর ঘনত্ব কমাতে এবং করোনাভাইরাস (COVID-19) সংক্রমণ প্রতিরোধে সাহায্য করতে পারে। এই ভাইরাসে আক্রান্ত কেউ শ্বাসপ্রশ্বাস নিলে, কথা বললে, কাশলে বা হাঁচলে তাঁরা এই ভাইরাস থাকা কণা ত্যাগ করেন – ক্ষুদ্রতর ফোঁটাগুলি বাতাসে ভেসে থাকতে পারে। কেউ এই ভাইরাস থাকা কণাগুলি শ্বাসের সঙ্গে টেনে নিলে তাঁরা সংক্রমিত হতে পারেন।
- ✓ **প্রাকৃতিক বায়ুচলাচলের দিকে খেয়াল রাখুন।** আংশিক বা সম্পূর্ণ খোলা যায় এমন দরজা, জানালা ও শুদ্ধ বাতাস চলাচলের প্রবেশপথ দিয়ে তাজা বাতাস প্রবাহিত হতে দিন। ঘন্টায় 10 মিনিট দরজা খোলা রাখলেও তা তফাৎ গড়ে দিতে পারে।
- ✓ **যান্ত্রিক বায়ুচলাচলের দিকে খেয়াল রাখুন।** বাইরে থেকে তাজা বাতাস বয়ে আনতে পাখা ও নালীপথ ব্যবহার করুন। যান্ত্রিক বায়ুচলাচল কি সর্বোচ্চ মাত্রায় সেট করা আছে এবং ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা হয়? একটি ভালো স্ট্যান্ডার্ড হল ঘন্টায় 6 বার বায়ু পরিবর্তন (6ACH) করা।
- ✓ **আপনার কর্মস্থলের/ব্যবসার মধ্যকার যাবতীয় জায়গা সম্পর্কে ভাবুন।** কর্মীদের ঘর বা টয়লেটের মত ভবনের ভিতরের যাবতীয় জায়গার কথা খেয়াল করুন।
- ✓ **যে কোনও একবারে কতজন লোক প্রতিটি জায়গা ব্যবহার করেন? এবং কতক্ষণ ধরে?** কোনও জায়গায় ঠিকমত বায়ুচলাচল না করলে এবং একাধিক ব্যক্তি তা ব্যবহার করলে ঝুঁকি বেড়ে যায়। কোনও জায়গায় যত বেশি সময় কাটানো হবে ঝুঁকিও তত বেশি বাড়বে। আপনাকে আপনার কর্মস্থলের মধ্যকার সকল স্থানে লোকসংখ্যা নিয়ন্ত্রণ করতে হবে, তবে বিশেষ করে ছোট / বন্ধ জায়গাগুলিতে – যে কোনও মুহূর্তে সর্বাধিক অনুমোদিত লোকসংখ্যা দেখানো নিশান ব্যবহার করছেন না কেন? ব্যস্ত জায়গাগুলিতে, যেমন কর্মীদের ঘরে, লোকেদেরকে কম সময় কাটাতে উৎসাহ দিন।
- ✓ **প্রতিটি এলাকায় কোন কোন কাজ / ক্রিয়াকলাপ ঘটে থাকে?** কোনও কাজ করতে গভীর শ্বাসকার্যের প্রয়োজন হলে (কায়িক শ্রম, চিৎকার করা) সেসব ক্রিয়াকলাপ পর্যাপ্ত বায়ুচলাচলের এলাকায় করতে হবে, অন্য কোনও এলাকায় সরিয়ে নিতে হবে (যেমন খোলা জায়গায়) বা একলা করতে হবে
- ✓ **আপনার কর্মস্থলের কোনও বৈশিষ্ট্য কি বায়ুচলাচলকে প্রভাবিত করে?** বড়সড় যন্ত্রপাতি বা সরঞ্জাম বাতাস চলাচলে বাধা সৃষ্টি করতে পারে – সেরকমটা হলে বাতাসের প্রবাহ কীভাবে বাড়াবেন তা বিবেচনা করুন।
- ✓ **যেখানে ভাল বায়ুচলাচল হয় না সেখানে ডেস্ক বা সিলিং ফ্যান চালাবেন না -** তা কেবল ভাইরাস কণাগুলিকে পরিচালিত করাবে

- ☑ **আপনার বায়ুচলাচলের ব্যবস্থাটি কি জটিল প্রকৃতির?** কিছু পুরনো ভবনের, বহুতল ভবনের বা পণ্য নির্মাণের জন্য যে ব্যবস্থাগুলির নকশা করা হয়েছে সেই সব ক্ষেত্রে এটা হতে পারে। সেটা হলে চার্টার্ড ইন্সটিটিউশন অব বিল্ডিং সার্ভিসেস ইঞ্জিনিয়ার্স(CIBSE)-এর নির্দেশনা দেখে নিন, নয়তো আপনাকে সম্ভাব্য সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য বিশেষজ্ঞের পরামর্শ প্রদান করতে কোনও ভেন্টিলেশন ইঞ্জিনিয়ারকে নিয়ে আসতে হতে পারে। <https://www.cibse.org/coronavirus-covid-19/emerging-from-lockdown>
- ☑ তাজা বাতাস ঢোকান গুরুত্ব সম্পর্কে **আপনার দলের সঙ্গে কথা বলুন** এবং তাঁদেরকে এটা করার কিছু ব্যবহারিক উপায় দেখিয়ে দিন।

অতিরিক্ত কোনও তথ্য HSE এর কাছ থেকে পাওয়া যাবে <https://www.hse.gov.uk/coronavirus/equipment-and-machinery/air-conditioning-and-ventilation/index.htm>

আতিথেয়তা ব্যবস্থাগুলি BEAMA এর এই সহজ ইনফোগ্রাফিক ব্যবহার করতে পারে <https://www.beama.org.uk/resourceLibrary/beama-covid-19-ventilation-guidance-infographic--hospitality-.html>

উপযোগী পোস্টার ও যাচাইতালিকার জন্য আমাদের ব্যবসায়িক সংস্থানগুলির পেজটি দেখে নিন-  
ইংরেজি ও অন্যান্য 9টি ভাষায় পাওয়া যাবে

[www.sheffield.gov.uk/coronavirusbusinessresources](http://www.sheffield.gov.uk/coronavirusbusinessresources)

[www.sheffield.gov.uk/coronavirus-business](http://www.sheffield.gov.uk/coronavirus-business)